

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৪ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং-৩৩.০০.০০০০.১২০.১১.০১০.১৬- ১৯১

০১ অগ্রহায়ণ ১৪২৩ বঃ
তারিখ: ১৫/১১/২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৩/০৭/২০১৬ তারিখের স্মারক নং-৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২০৭৬.১৬-১৪৬ এর সুপারিশ মোতাবেক, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ এর ১ম শ্রেণীর ০১ (এক) টি পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে কতিপয় শর্তসাপেক্ষে নিম্নোক্ত কর্মস্থলে ও পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল:

ক্র:নং	রেজিঃ নং	নাম, স্থায়ী ঠিকানা ও নিজ জেলা	পদবি ও কর্মস্থল
১।	০০০০৩৫	জনাব মোঃ ফোরকান আলী পিতা- মোঃ আব্দুর রশিদ মাতা- মোছাঃ হোসেনয়ারা খাতুন গ্রাম: দ্বারিয়াপুর দক্ষিণ পাড়া, ভূসিপাট্টা, ডাকঘর: শাহজাদপুর, উপজেলা: শাহজাদপুর, জেলা: সিরাজগঞ্জ। জন্ম তারিখ: ৩১-১০-১৯৮৫ খ্রিঃ	লেকচারারঃ ইংরেজি (English) ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ।

শর্তাবলী:

- (ক) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (খ) তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সরকার যেরূপ স্থির করবে সেদিকে কামপক্ষে ০২ (দুই) মাস মেয়াদী পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (গ) তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;
- (ঘ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ঙ) যদি তিনি কোন বিদেশী নাগরিক বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- (চ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

অ: প্: দ্র:

